

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৩৪

তারিখ: ১৫ পৌষ ১৪২২ বাংলা
২৯ ডিসেম্বর ২০১৫ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সদনপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের 'দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল' অবলুপ্তকরণ প্রসংগে।


প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের মনোযোগ আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ২০ অনুযায়ী ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের মোট উদ্বৃত্তের ১০% অর্থ দ্বারা একটি 'সংরক্ষিত তহবিল' গঠন এবং বিধি ৩৪ অনুযায়ী সমুদয় আমানতের বিপরীতে ১৫% 'তারল্য সংরক্ষণ' করা হচ্ছে। এতদব্যতীত সদনপ্রাপ্ত অনেক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান আদায়কৃত সার্ভিস চার্জের ১% দ্বারা 'দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল (Disaster Management Fund বা DMF)' নামীয় তহবিল গঠন করে উক্ত তহবিলের অর্থ ব্যাংকে স্থায়ী আমানতরূপে (এফডিআর) সংরক্ষণ করেছে। ফলে অথরিটি'র বিধি-বিধান অনুসারে সংরক্ষিত তহবিল ও তারল্যের অর্থ ব্যাংকে সংরক্ষণের পাশাপাশি DMF হিসেবে ব্যাংকে অর্থ জমা রাখায় প্রতিষ্ঠানগুলোর ক্ষুদ্রঋণ খাতে বিনিয়োগ সংকুচিত হয়ে পড়ছে যা অধিকমাত্রায় দারিদ্র্য নিরসনকে বাধাগ্রস্ত করেছে। তাছাড়া একই বিধিমালায় বিধি ৪৪ অনুযায়ী ঋণক্ষয় সঞ্চিকরণসহ উপরোক্ত বিধান অনুযায়ী সংরক্ষিত তহবিল গঠন ও তারল্য সংরক্ষণ করা হলে সেগুলো দুর্যোগ ব্যবস্থাপনায় প্রয়োজনীয় তহবিল সরবরাহের ক্ষেত্রে যথাযথ ভূমিকা রাখবে বিধায় বর্তমানে 'দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল' সংরক্ষণের প্রয়োজনীয়তা নেই মর্মে অথরিটি মনে করে।

এমতাবস্থায়, 'দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল' বা অনুরূপ তহবিলসমূহ (যদি থাকে) অবলুপ্ত করে তা উদ্বৃত্ত তহবিলের সাথে একীভূতকরণসহ উক্ত খাতের অর্থ গ্রাহকদের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ক্ষুদ্রঋণ কার্যক্রমে বিনিয়োগ করার জন্য সংশ্লিষ্ট সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানকে পরামর্শ দেয়া হলো।

বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ মোশাররফ হোসেন খান)

পরিচালক

ফোনঃ ৮৩৩৩৬৩৬

অনুলিপি নং- ৫৩.০১.০০০০.০০৯.০১.০০৩.২০১৫- ২১২২ (৬৫০)

তারিখঃ এ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ ফরিদুল হক)

সিনিয়র সহকারী পরিচালক

ফোন: ৮৩৩২৫১৭, Ext-২৮১